রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”


# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মার্চ ২৮, ২০২২**


**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২৭ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৬৬-আইন/২০২২/৫৯/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন প্রতিষ্ঠান (বিজিএফসিএল, এসজিএফএল ও বাপেক্স) এবং পেট্রোবাংলার সহিত সম্পাদিত উৎপাদন বণ্টন চুক্তি (Production Sharing Contract) এর আওতায় বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থায়ীভাবে যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও তফসিল-২ এ বর্ণিত পণ্যসমূহ ব্যতিরেকে অন্যান্য ব্যবহার্য পণ্য আমদানি এবং পুনঃরপ্তানির শর্তে, তফসিল-১ এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য সাময়িকভাবে আমদানির ক্ষেত্রে, উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:—


**মূল্য :** টাকা ১২.০০

**শর্তাবলি:**

(১) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য ব্যবহার্য পণ্য কেবলমাত্র তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কাজে ব্যবহৃত হইবে মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চালান ওয়ারী পরিশিষ্ট-১ অনুযায়ী প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় স্থায়ীভাবে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য ব্যবহার্য পণ্য এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহৃত হইলে, আমদানিকারক কাস্টমস কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোনো ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন মর্মে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গিকারনামা আমদানিকৃত পণ্য খালাসের সময় সংশ্লিষ্ট কমিশনারের বরাবর দাখিল করিবেন;

(৩) **তফসিল-১** এ বর্ণিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় আমদানিযোগ্য হইবে এবং পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত পণ্যসমূহের ক্ষেত্রে—

(ক) উক্ত পণ্যসমূহ ব্যবহারের ফলে সম্পূর্ণ নিঃশেষিত বা ব্যবহারের অযোগ্য হইয়া যাইবে, উহাদের তালিকা ও প্রকৃত পরিমাণ সম্পর্কে পেট্রোবাংলার প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে, এই ধরনের আমদানিকৃত পণ্যসমূহের জন্য শুল্ক ও কর পরিশোধ করিতে হইবে না এবং এর তালিকা জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) ও সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে;

(খ) কোনো যন্ত্র ভাঙ্গিয়া বা ব্যবহারের সম্পূর্ণ অযোগ্য হইলে পেট্রোবাংলার মাধ্যমে ৩ (তিন) মাসের মধ্যে কাস্টমস কর্তৃপক্ষের নিকট উহা জমা দিতে হইবে এবং এই ধরনের জমাকৃত যন্ত্রের জন্য কোনো শুল্ক ও কর প্রদান করিতে হইবে না, জমাকৃত ভগ্ন যন্ত্রাংশ স্ক্র্যাপ হিসাবে প্রচলিত নিয়মে নিলাম করা হইবে এবং বিক্রয়লব্ধ সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করিতে হইবে;

(গ) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় স্থায়ীভাবে ও পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত সকল প্রকার যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যের একটি তালিকা প্রতি আর্থিক বৎসর শেষে অর্থাৎ ৩১শে জুলাই তারিখের মধ্যে পেট্রোবাংলা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবে;

(৪) তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের সহিত সরাসরি সম্পৃক্ত নহে এইরূপ **তফসিল-২** এ বর্ণিত এইরূপ পণ্যসমূহ এই প্রজ্ঞাপনের অধীন রেয়াত প্রাপ্ত হইবে না;

(৫) পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিকৃত জীপ ও পিক-আপের সংখ্যা সম্পর্কে আমদানির পূর্বেই পেট্রোবাংলা কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি গ্রহণ করিতে হইবে;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতপ্রাপ্ত আমদানিকৃত কোনো প্রকার সেবা, যন্ত্রপাতি, যানবাহন, যন্ত্রাংশ ও পণ্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি ব্যতিরেকে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

২। ২৪ মে, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৩০-আইন/২০২১/১৯/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**[শর্তাবলির দফা (১) দ্রষ্টব্য]**

**প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম, ঠিকানা)........................ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের লক্ষ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের (পেট্রোবাংলা) সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রত্যয়নাধীন যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যসমূহ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের সহিত সম্পর্কিত এবং সম্পাদিত চুক্তি মোতাবেক কেবল তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত প্রজ্ঞাপনের শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং..................... তারিখ,....................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল /ট্রাক রিসিপ্ট নং...................তারিখ,....................এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যসমূহ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনে ব্যবহৃত হইবে।

স্বাক্ষর : ......................................

নাম : .....................................

পদবি : ......................................

তারিখ: সীল : .........................................

**পরিশিষ্ট-২**

**[শর্তাবলির দফা (২) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং................................ তারিখ, .......................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ............................. তারিখ, ...................... এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যসমূহ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের সহিত সম্পর্কিত এবং কেবল তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনে ব্যবহৃত হইবে। আমি/আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও অন্যান্য পণ্যসমূহ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে/স্থানে ব্যবহৃত/স্থাপিত হইলে কিংবা বিদেশে ফেরত প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) করা না হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য Customs Act, 1969 (Act No. IV of 1969) এর অধীন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমি/আমরা তা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম:..........................................................................................

ঠিকানা :..................................................................................................।

**তফসিল-১**

**[শর্তাবলির দফা (৩) দ্রষ্টব্য]**

পুনঃরপ্তানির শর্তে সাময়িকভাবে আমদানিযোগ্য পণ্যের তালিকা

(ক) ড্রিলিং, ডাইরেকশনাল ড্রিলিং, ওয়ার্কওভার, মাডলগিং, মাড ইঞ্জিনিয়ারিং, ওয়ারলাইন লগিং, সিমেন্টেশন, ওয়েল টেষ্টিং (প্রডাকশন), ডিএসটি, কয়েল টিউবিং, স্লাবিং এবং সাইসমিক/ গ্রাভিটি/ম্যাগনেটিক/ অ্যারোম্যাগনেটিক সার্ভিসেস এর যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য;

(খ) তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যে সরাসরি ব্যবহারযোগ্য জীপ ও পিক-আপ;

(গ) সাইসমিক সার্ভের জন্য মেরিন ভেসেল (প্রয়োজনীয় সংখ্যক), উৎপাদনের সাথে সম্পর্কিত আনুষঙ্গিক যন্ত্রপাতি এবং হেলিকপ্টার।

**তফসিল-২**

[শর্তাবলির দফা (৪) দ্রষ্টব্য]

১. স্টিল শিট (steel sheet): American Standard Testing Method (ASTM) অনুযায়ী ১০ (দশ) মিলিমিটার বা তৎনিম্ন A36 বা সমমানের MS প্লেট (যে সকল MS প্লেট এর জন্য বাংলাদেশী উৎপাদকগণ Mill Test Certificate প্রদান করতে পারবে না সে সকল MS প্লেট ব্যতীত);

২. স্টিল রড (প্রসেস প্লান্টের পাইপ সাপোর্টের জন্য Plain bar/I-beam/Angular bar ইত্যাদি ব্যতীত);

৩. লে-আউট প্ল্যান, Process Flow Diagram, Piping & Instrumentation Diagram (P&ID) ও As-built drawing-এ উল্লেখ নেই এমন পরিমাপ (diameter) এর স্টিল পাইপ;

৪. কূপ খননের জন্য ব্যবহৃত সিমেন্ট ব্যতীত সকল ধরনের সিমেন্ট, বালি, স্টোন, টাইলসসহ সকল প্রকার কন্সট্রাকশন ম্যাটেরিয়ালস;

৫. প্রি-ফেব্রিকেটিড বিল্ডিং;

৬. ক্যাবল (Control Cable, Communication Cable & Optical Fiber Cable এবং 132 কেভি ও তদূর্ধ্ব পাওয়ার ক্যাবল এবং ঝুঁকিপূর্ণ এলাকার (Hazardous Area) জন্য ব্যবহৃত NEC Article 501, 502, 503 and 505 কমপ্লায়েন্ট ক্যাবলসমূহ ব্যতীত);

৭. গৃহস্থালী সামগ্রী (household goods);

৮. লুব্রিকেটিং অয়েলসহ সকল ধরনের অয়েল (Original Equipment Manufacturer (OEM)/Supplier সুপারিশকৃত লুব্রিকেটিং অয়েলসহ অন্যান্য ধরনের অয়েল ব্যতীত);

৯. ট্রান্সফরমার অয়েল (Original Equipment Manufacturer (OEM)/Supplier সুপারিশকৃত অয়েল ব্যতীত);

১০. সকল ধরনের অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র;

১১. অনূর্ধ্ব ২,০০,০০০ বিটিইউ (BTU) সম্পন্ন air conditioner;

১২. সকল ধরনের রেফ্রিজারেটর;

১৩. ড্রেজার;

১৪. এ্যাংকর বোট (anchor boat);

১৫. প্ল্যান্টের লে-আউট প্ল্যান বা ডিজাইনে উল্লেখ নেই বা প্ল্যান্ট স্থাপনের সাথে সম্পর্কিত নয় এইরূপ পণ্য;

১৬. এমন স্পেসিফিকেশন (specification) এর পণ্য বা নির্মাণ সামগ্রী ও সরঞ্জাম যাহা বাংলাদেশে দুই বা ততোধিক প্রতিষ্ঠানে উৎপাদিত হয়; এবং

১৭. Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এ বর্ণিত Heading 87.02 হইতে Heading 87.03 এর অন্তর্ভুক্ত সকল ধরনের যানবাহন যা তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনকার্যে সরাসরি ব্যবহারযোগ্য নয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd